ঠাকুরগাঁও সুগার মিলে আখের সাথীফসল চাষাবাদ ও আগাম আখচাষে মাঠ দিবস পালিত

শামমসুল আলম – ঠাকুরগাঁও সুগারমিলে আধুনিক প্রযুক্তিতে লাভজনক আখের সাথী ফসলের চাষাবাদ এবং আগাম আখচাষ শীর্ষক মাঠ দিবস-২০২৫ উদযাপিত হয়েছে। এ উপল¶◌ে রোববার দুপুরে সুগার মিলের পূর্বগেইট সংলগ্ন হরিহরপুর সাবজোন ও কেন্দ্রের চাষি শাহজাহান আলীর ১.২৫ একর জমিতে এক কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়। ঠাকুরগাঁও সুগারমিলস লিমিটেডের মহাব্যবস্থাপক (কৃষি) আবু রায়হানের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন মিলের ব্যবস্থাপনা পরিচালক শাহজাহান কবির, বিশেষ অতিথি ছিলেন বিএফআইসির মহাব্যবস্থাপক (মিলস ফার্ম) মোহাম্মদ শহীদ উল্লাহসহ মিলের কর্মকর্তা, আখচাষী ও ইউনিয়ন নেতৃবৃন্দ।

মাঠ দিবসের পর্যালোচনায় বক্তারা বলেন, বর্তমানে কৃষকদের বাজার পরিস্থিতি অনুযায়ী দিনে দিনে আখচাষ অত্যন্ত লাভজনক ফসল হিসেবে প্রমাণিত হচ্ছে। তারা শাহজাহান আলীর কৃষি মাঠের দৃষ্টান্ত তুলে ধরে জানান, এই মাঠে আখের সাথী ফসল হিসেবে ৫টি ফসল আলু, পেঁয়াজ, রশুন, মশুর ও টমেটো এর প্রত্যেকটিই সফল হয়েছে। এমনকি আগাম আখ চাষে জাতবিশেষে কৃষকরা এক বছরে দু’বার আখ উত্তোলন করে ভালো মুনাফা অর্জন করছেন। এই সাথী ফসল থেকেই আবাদের সমুদয় খরচ ওঠার ফলে সুগার মিলে আখবিক্রি বা আখগুলোকে বীজ হিসেবে বিক্রির পুরো টাকাটাই কৃষকের ঘরে লাভ হিসেবে ঢুকছে। সুগার মিলে আখের বারংবার মূল্যবৃদ্ধির ফলে অন্যান্য ফসলের তুলনায় আখচাষ কৃষকের নিশ্চিত সমৃদ্ধি আনতে স¶ম হচ্ছে।